# জনমত যাচাইয়ের জন্য শিক্ষা সংস্কার সম্পর্কিত প্রশ্নমালা

(পূর্ব প্রকাশিতের পর)

প্রস্তুতি পর্ব, মাধ্যমিক স্তর ও উচ্চ মাধ্যমিক স্তর

১। ক) আপনি কি মনে করেন যে, মাধ্যমিক স্তরে প্রবেশের জন্য ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত সময়কে প্রস্তুতি পর্ব হিসাবে গণ্য করে 'নিম্ন মাধ্যমিক স্তর' (বর্তমানে যে রূপ আছে) হিসাবেই চালু রাখা সমীচীন ?

২। প্রস্তুতি পর্বের শিক্ষা প্রধানত উদ্দেশ্য হওয়া উচিত-ক, নাগরিক জ্ঞানের বিকাশ, খ, ভাবী পেশা সম্পর্কে প্রস্তুতিমূলক জ্ঞান লাভ, গ, ভিন্নমত।

৩। আপনি কি মনে করেন, প্রকৃত বৃত্তিমূলক প্রশিক্ষণ একাদশ শ্রেণী থেকে শুরু করে দ্বাদশ শ্রেণী পর্যন্ত হওয়া প্রয়োজন ?

৪। কেবলমাত্র উচ্চ মাধ্যমিক স্তরে অর্থাৎ একাদশ ও দ্বাদশ শ্রেণীতে বহুমুখী শিক্ষা ব্যবস্থা চালু রাখা উচিত বলে মনে করেন কি ?

৫। দশম শ্রেণীর পর উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার ক্ষেত্রে প্রবেশের ব্যবস্থা ক) সকলের জন্য উন্মুক্ত থাকবে ; খ) কেবল মেধাবী ছাত্রের জন্য উন্মুক্ত থাকবে। গ) শ্রেণীর মান ও সংস্থান জাতীয় প্রয়োজন দ্বারা নিয়ন্ত্রিত হবে। ঘ) ভিন্নমত।

৬। একাদশ ও দ্বাদশ শ্রেণীতে বহুমুখী বৃত্তিমূলক শিক্ষার জন্য প্রারম্ভিক ভাবে প্রতি থানায় একটি বিদ্যালয় নির্বাচিত করা উচিত এবং পরবর্তী পর্যায়ে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার জন্য অনুরূপভাবে প্রতি থানায় গড়ে পাঁচটি স্কুল প্রতিষ্ঠিত হওয়া আবশ্যক মনে করেন কি ?

৭। বর্তমানে চালুরত বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলি বিদেশে চাকুরী প্রাপ্তির সুবিধার জন্য বিশেষ প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করা প্রয়োজন। (ক) হাঁ, (খ) না, (গ) ভিন্নমত।

৮। ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট ও উচ্চ মাধ্যমিক কারিগরি বিদ্যালয়ের শিক্ষক তৈরীর উদ্দেশ্যে কি ব্যবস্থা গ্রহণ করা যায় ? ক) পলিটেকনিক ইনস্টিটিউটগুলির পাঠ্য সূচীর পরিমার্জন। খ) পৃথক কোন প্রতিষ্ঠানের ব্যবস্থা। গ) ভিন্নমত।

৯। পলিটেকনিক ইনস্টিটিউটের ডিপ্লোমাকে প্রকৌশল ডিগ্রির প্রথম দু'বছরের সমমর্যাদা প্রদান করে এবং ডিপ্লোমাধারীদের শিক্ষা প্রশিক্ষণের দায়িত্ব দেওয়া যায় কি ?

১২। বর্তমানে সকল স্তরের কারিগরি প্রতিষ্ঠানগুলোতে সমস্যা নিরসনের জন্য নীচের কোন্ ব্যবস্থাটি উত্তম বলে মনে করেন ? ক) উচ্চ হারে—প্রারম্ভিক বেতন নির্ধারণ। খ) ডিগ্রীলাভের পর অন্ততঃ দুই বছরের মধ্যে বিদেশ গমন নিষিদ্ধকরণ। গ) উপরের দুইটি ভিন্নমত।

১৩। দেশের ১৬টি কমার্শিয়াল ইনস্টিটিউটের উন্নতিকল্পে নীচের কোন্ ব্যবস্থাটি যুক্তিযুক্ত মনে করেন ? ক) কর্মসংস্থানের প্রয়োজনে শিক্ষাক্রমের সংস্কার ও উন্নয়ন। খ) উপযুক্ত শিক্ষক নিয়োগ। গ) ভিন্নমত।

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা

১। শিক্ষার প্রস্তুতিপর্বে অষ্টম শ্রেণীর শেষে স্কুলত্যাগী ছাত্র-ছাত্রীদের জন্য কমিউনিটি স্কুলের মাধ্যমে বিভিন্ন ট্রেড শিক্ষাদানের ব্যবস্থাকে যুক্তিযুক্ত মনে করেন কি ?

২। ক্রমান্বয়ে সব রকমের স্কুলে সাধারণ শিক্ষার পাশাপাশি ট্রেড শিক্ষাদানের ব্যবস্থা করার দরকার আছে কি ?

৩। মাধ্যমিক স্তরের একাদশ ও দ্বাদশ শ্রেণীতে বৃত্তিমূলক শিক্ষার পৃথক কোর্স থাকা উচিত বলে মনে করেন কি ?

৪। প্রথমে প্রতি থানায় একটি শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/দ্বাদশ শ্রেণীতে দু'বছর মেয়াদী বৃত্তিমূলক কোর্স চালু করে ক্রমে ক্রমে তা বাড়িয়ে প্রতি থানায় অন্ততঃ ৫টি বৃত্তিমূলক কোর্স প্রবর্তন করা উচিত বলে মনে করেন কি ?

৫। একাদশ/দ্বাদশ শ্রেণীতে একাধিক বৃত্তিমূলক কোর্স থাকা উচিত বলে মনে করেন কি ?

৬। যে সকল উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে বৃত্তিমূলক কোর্সসমূহ থাকবে সেখানে সাধারণ শিক্ষার কোর্সসমূহ পাশাপাশি থাকা যুক্তিপূর্ণ কি ?

৭। বর্তমানে চালু ভোকেশন্যাল ট্রেনিং ইনস্টিটিউটগুলো পেশামূলক প্রশিক্ষণের মধ্যে সীমাবদ্ধ থাকা এবং বিদেশের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রশিক্ষণ দেয়া সমীচীন মনে করেন কি ?

৮। বর্তমান পরীক্ষা পদ্ধতির পরিবর্তে দশম শ্রেণীর শেষে শিক্ষার্থীদের যোগ্যতা মান... মধ্যে প্রকাশ করা উচিত ? ক) .. খ) .. গ) ..

১০। শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র অসন্তোষের সম্ভাব্য কারণ কি ? ক) শিক্ষা ব্যবস্থার ত্রুটি বিচ্যুতি খ) শিক্ষার মানের দ্রুত অবনতি, গ) শিক্ষাঙ্গনে রাজনৈতিক হস্তক্ষেপ ঘ) ভিন্নমত।

উচ্চ শিক্ষা

১। আপনি কি মনে করেন, উচ্চ শিক্ষার দ্বার সকল শিক্ষার্থীর জন্য উন্মুক্ত হবে ?

২। উপরের উত্তরটি 'না' বাচক হলে তা মেধা ও প্রবণতা এবং দেশের প্রয়োজনের ভিত্তিতে নির্বাচনমূলক হওয়া উচিত কি ?

৩। উচ্চ শিক্ষার জন্য নির্বাচিত মেধাবী শিক্ষার্থীদের পড়াশোনার ব্যয় সরকারের গ্রহণ করা সঙ্গত কি ?

৪। উচ্চ শিক্ষার মান উন্নয়নের জন্য ডিগ্রীস্তরের শিক্ষাকে ৩ বছরে উন্নীত করার প্রস্তাবকে কি আপনি সমর্থন করেন ?

৫। 'স্নাতক সম্মান' ডিগ্রী তুলে দিয়ে সকল ছাত্রের জন্য একই ডিগ্রী ব্যবস্থা প্রবর্তন সমীচীন কি ?

৬। বর্তমান কলেজ ব্যবস্থায় পুথিগত বিদ্যার (এ্যাকাডেমিক) পরিবর্তে দেশ ও সমাজের প্রয়োজনভিত্তিক শিক্ষা কোর্স প্রবর্তিত হওয়া উচিত কি ?

৭। পৃথিবীর বিভিন্ন দেশের ন্যায় আমাদের দেশেও কর্মরত ব্যক্তিদের জন্য উচ্চ শিক্ষার সুবিধাদানকল্পে এবং কর্মের জগতের সংগে শিক্ষা জগতের সংযোগ সাধনকল্পে বিশ্ববিদ্যালয়সমূহে সান্ধ্য ক্লাসের ব্যবস্থা থাকা উচিত। আপনি এটা সমর্থন করেন কি ?

শিক্ষক প্রশিক্ষণ

১। বর্তমানে প্রাথমিক শিক্ষকদের মধ্যে যে প্রশিক্ষণবিহীন শিক্ষক রয়েছেন, তাদের প্রশিক্ষণের জন্য অবিলম্বে জরুরী ভিত্তিক কার্যক্রম গ্রহণ যুক্তিযুক্ত মনে করেন কি ?

২। কিছু সংখ্যক পি,টি আইকে প্রাথমিক শিক্ষক পরিশিক্ষণ ইন্স্টিটিউটকে উল্লিখিত জরুরী ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রমের দায়িত্ব অর্পণ করা যায় কি ?

৩। শিক্ষকতার মান উন্নীত করার জন্য প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণের মেয়াদ এক বৎসর থেকে দুই বৎসরে উন্নীত করার প্রস্তাবকে আপনি সমর্থনযোগ্য মনে করেন কি ...

৪। প্রাথমিক স্তরে, অধিক সংখ্যক শিক্ষক নিয়োগের সম্ভাবনা থাকায় একাদশ ও দ্বাদশ শ্রেণীতে একটি বিষয় হিসাবে ...